# দিনাজপর জবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ১ | ২ |

## শ্রেণি ঃ ৯ম

## বিষয় ঃ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

**সময়—২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

**[বিশেষ দ্রষ্টব্যঃ— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]**

১। বিষ্ণুপুর গ্রামে হঠাৎ বসন্ত ও কলেরা রোগের প্রার্দুভাব দেখা দেওয়ায় গ্রামবাসী আতংকিত হয়ে পড়ে। ফলে তারা একত্রিত হয়ে এক বিশেষ পূজার আয়োজন করে এবং ভক্তি পূর্ণমনে বিভিন্ন উপাচারে, পুষ্পাঞ্জলি ও প্রণাম মন্ত্রের মধ্যদিয়ে পূজার কাজ সম্পন্ন করে।

ক) দেবতা বলতে কী বুঝ? ১

খ) লৌকিক দেবতার ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ) অনুচ্ছেদে বর্ণিত গ্রামবাসীরা কোন বিশেষ পূজার আয়োজন করে? উক্ত পূজার পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ) সামাজিক, পারিবারিক ও নৈতিক জীবনে উক্ত পূজার প্রভাব বিশ্লেষণ কর। ৪

২। অমলের দাদু একজন পুরোহিত। তিনি সমাজ ও সাধারণ মানুষের কাছে একজন অতি সম্মানিত ব্যক্তি। তিনি বলেন, গীতায় শ্রীকৃষ্ণের বাণীতে বিভিন্ন দেবতার পূজা করার ইঙ্গিত রয়েছে। শ্রীকৃষ্ণ বলেছেন, যে আমাকে যেভাবে ভজনা করে, তাকে সেভাবেই অনুগ্রহ করি।

ক) পূজা শব্দের অর্থ কী? ১

খ) পূজা করা হয় কেন? ২

গ) অমল তার দাদুর মত পুরোহিত হতে চাইলে তাকে কোন ধরনের গুণাবলি অর্জন করতে হবে? ৩

ঘ) উদ্দীপকের শেষ উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৩। শ্রীমতি ষষ্ঠি পূজা ও মালিহা পূজা কর। শ্রীমতি সংকল্প, বোধন এবং অধিবাস আমন্ত্রণ করে। মালিহা পূজা করার জন্য পূজা উপকরণ সংগ্রহ করে। মালিহা কলাবউ পূজা করে। সপ্তমী পূজার তাৎপর্য খুবই ব্যাপক।

ক) কোন মাসের শুক্লপক্ষে শারদীয় পূজা করা হয়? ১

খ) বোধন বলতে কী বুঝ লিখ। ২

গ) শ্রীমতি ও মালিহার পূজাদ্বয়ের তুলনামূলক আলোচনা কর। ৩

ঘ) মালিহার পূজাটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৪। ক্রীড়া মন্ত্রী মহোদয় একটি সেমিনারে বক্তব্য প্রদানকালে যোগ ধারণার ধারণা ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, সৃষ্টি জগতের সবকিছুর মুলে রয়েছেন ভগবান। যোগ সাধনার মাধ্যমে ভগবানকে লাভ করা যায়। এটিই একমাত্র মুক্তির পথ।

ক) যোগের ধাপ কয়টি? ১

খ) যোগ সাধনা বলতে কী বুঝ? ২

গ) মন্ত্রী মহোদয়ের বক্তব্যনুসারে যোগ সাধনার ধারণা বর্ণনা কর। ৩

ঘ) উদ্দিপকের আলোচনাকে কেন্দ্র করে যোগ সাধনার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫। অনিমেষ সমাজবদ্ধ হয়ে বাস করতে ভালবাসেন। সমাজে দুই শ্রেণীর লোক অনিশেষের দৃষ্টিতে পড়ে। ধার্মিক ও অধার্মিক। তিনি হিন্দুধর্ম পড়েন "বেদ স্মৃতি সদাচার চ প্রিয় মাত্মন এতচ্চতু-বিধং প্রাহুঃ সাক্ষাৎ ধর্মস্য লক্ষণম্" ধর্মে বিশ্বাস রেখে অনিশেষ কাজ করেন।

ক) বেদ কী? ১

খ) সব কিছুর কারণ ঈশ্বর ব্যাখ্যা কর। ২

গ) অনিমেষ কিভাবে দুই শ্রেণীর মধ্যে পার্থক্য খুঁজে পান? ৩

ঘ) "বেদ স্মৃতি সদাচারঃ স্বস্য.......... ধর্মস্য লক্ষণম্" উক্তিটির অনিমেষের বিশ্বাসের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬। সজীব দাস ধর্মানুরাগী ও পরেপকারী। ধর্মীয় বিষয় সর্ম্পকে তাত্তিক জ্ঞান আছে। একদা সজীব তার পিতা মঙ্গল দাসের নিকট বেদ ও পুরান সর্ম্পকে আলোচনা করেন। মঙ্গল দাস বলেন, বেদ হিন্দুদের প্রধান ধর্ম-গ্রন্থ। তিনি মন সংহিতার উদৃতি দিয়ে বলেন "বেদঃ অখিল ধর্ম মূলম"।

ক) উপনিষদের অর্থ কী? ১
খ) উপনিষদ বলতে কী বুঝায় ব্যাখ্যা কর। ২
গ) মঙ্গল দাসের ধর্মালোচনা সজীব দাসের জীবনে কীরূপ ভূমিকা রাখতে পারে আলোচনা কর। ৩
ঘ) উদ্দিপকের শেষ উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। বিপুল পাড়ার কতিপয় খারাপ ছেলের সঙ্গে মিশে ছিনতাই ডাকাতি সহ নানাবিধ অপরাধ মূলক কর্মকান্ড করে। এক পর্যায়ে সে তার বাবাকে আক্রমণ করতেও দ্বিধাবোধ করেনি। বাবা তার পুত্রকে দস্যরত্ন কবের কথা স্মরণ করিয়ে দেন এবং বলেন, খারাপ কাজ করা মহাপাপ। বিপুল অনুতপ্ত হয় এবং সৎপথে ফিরে আসে।

ক) রামায়ণ কী ? ১
খ) কেন রাজা রাম স্ত্রী সীতাকে ত্যাগ করেন? ২
গ) রত্মাকরের জীবনের শিক্ষা বিপুল ভালো পথে ফিরিয়ে আনে- প্রমান কর। ৩
ঘ) উদ্দীপকে বিপুলের খারাপ কাজ সম্পর্কে যে মন্তব্য রয়েছে তার সম্পর্কে মতামত দাও। ৪

৮। কল্পনার বাবা তার জন্য সু-পাত্র বাছাই করেন, শুভক্ষনে কন্যাদান করার মাধ্যমে তার বিয়ে দেন। লোকাচার ও ধর্মীয় আচারের মাধ্যমে তাদের বিবাহ সম্পন্ন হয়। বিয়ের পর আনন্দঘন পরিবেশের মধ্যদিয়ে শান্তিজল নিয়ে একটি মেয়েলি আচার অনুষ্ঠিত হয়।

ক) পণ কী? ১
খ) আর্শীবাদ অনুষ্ঠান কাকে বলে? ২
গ) উদ্দীপকে উল্লেখিত কল্পনার অনুষ্ঠিত কিছু ধর্মীয় আচারের দুটি উদাহরণ পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে শান্তিজল সম্পর্কিত মেয়েলি আচারের কথা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। সীমা ও মিলন দুই ভাইবোন। তারা একে অপরকে অনেক ভালবাসে। সীমা একদিন তার ভাইয়ের হাতে একটি সুতো বেঁধে দেয় এবং ভাইয়ের মঙ্গলের কামনায় ধ্যানমগ্ন অবস্থায় পূজা করে। এমনকি সে ঐ দিন উপবাস থাকে।

ক) 'সংক্রান্তি' কাকে বলে? ১
খ) নবান্ন বলতে কী বোঝায় লিখ। ২
গ) সীমা যে অনুষ্ঠানে তার ভাইয়ের হাতে সুতা বেঁধে দিয়েছিল সেই অনুষ্ঠান সম্পর্কে তোমার মতামত দাও। ৩
ঘ) উদ্দীপকে সীমা ধ্যানমগ্ন অবস্থায় যে পূজা করেছিল তার সামাজিক প্রভাব বর্ণনা দাও। ৪

১০। গীতা রায় এস,এস,সি পরীক্ষা দেওয়ার পূর্বে তার এক নিকট আত্মীয়ের সাথে দেখা করতে যায়। আত্মীয় তাকে বললেন, তোমাকে যে সৃষ্টি করেছেন, পরীক্ষার হলে যাওয়ার পূর্বে তার কথা স্মরণ করবে। তিনিই তোমাকে তার ঐশ্বরিক শক্তির মাধ্যমে রক্ষা করবেন। তিনি সবখানে আছেন এবং সর্বশক্তিমান। গীতা ঐ আত্মীয়কে প্রণাম করে বাড়ি ফিরল।

ক) কখন স্রষ্টা জগতে অবতার রূপে অবতীর্ণ হন? ১
খ) দেবী দূর্গার পরিচয় দাও। ২
গ) উদ্দীপকের গীতার আত্মীয়ের পরামর্শের আলোকে ব্রহ্মরূপে স্রষ্টার স্বরুপের ব্যাখ্যা কর। ৩
ঘ) বেদ অনুসারে বলা যায়, "গীতা থাকে স্মরণ করবে তিনি নিরাকার এবং নিশ্চল" মতামত দাও। ৪

১১। বৈচিত্রময় পৃথিবী প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর এবং একই সূত্রে গাঁথা। এই প্রকৃতি থেকেই ঈশ্বরের ধারণা লাভ করে উদ্ভব হয়েছে চিরন্তন সনাতন ধর্ম। যার ধারণা পাওয়া যায় বিভিন্ন শাস্ত্রে। পৃথিবী সৃষ্টির মধ্যদিয়ে ঈশ্বরের মহিমার প্রকাশ ঘটে। আর তাকে সন্তুষ্ট করতে গিয়ে হিন্দুরা মেতে উঠে পূজার্চনায় এবং জীবকে শিবজ্ঞানে ব্রতী হয় পরহিত কর কর্মে। কেননা, সকল সৃষ্টির মধ্যেই ঈশ্বর বিরাজমান।

ক) ব্রহ্ম শব্দের অর্থ কী? ১
খ) ঈশ্বরের অবতার রুপ সম্পর্কে বুঝিয়ে লিখ। ২
গ) জীবকে শিবজ্ঞানে সেবা করতে কীভাবে হিন্দু সমাজকে অনুপ্রাণিত করা যায় বুঝিয়ে লিখ। ৩
ঘ) উদ্দীপকের সর্বশেষ কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪